রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, জুলাই ১৬, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১৬-০৩-১৪২৩ বঙ্গাব্দ/৩০-০৬-২০১৬ খ্রিস্টাব্দ

**নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫/১৯১**—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয়;

০২. অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়;

০৩. পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২৫ আগষ্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৫ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ (বিডিসি) এর সাউথ টাউন আবাসিক প্রকল্প, মৌজা-বাঘৈর, আব্দুল্লাহ্পুর, কুমলির চক, কাজিরগাঁও ও পোথাইল, ইস্ট টাউন আবাসিক প্রকল্প, মৌজা-উত্তর চাঁনপুর, কেওঢালা, ফুলহর, কুশাব এবং নর্থ টাউন আবাসিক প্রকল্প মৌজা-গুটিয়া, বাদেপলাসোনা,


**মূল্য ঃ** টাকা ৪.০০

গুশুলিয়া, পলাসনা প্রকল্পের ভূমি ব্যবহার নিম্নলিখিত শর্তে আরবান রেসিডেনসিয়াল জোন হিসাবে পরিবর্তনের বিষয়ে অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো ঃ

**শর্তসমূহঃ** ক) IWM/CEGIS/BUET এর মাধ্যমে প্রকল্পের Water Modeling করে খালের প্রশস্ততা নির্ধারণ পূর্বক খাল ও জলাশয় পুনরুদ্ধার (Retrieve) করতে হবে।

খ) স্থানীয় ভিত্তিতে প্রকল্পের নিজস্ব পানি ও পয়ঃনিস্কাষন ব্যবস্থা সংযোজন করতে হবে।

গ) প্রকল্পের EIA ও TIA সম্পাদন করে সুপারিশসমূহ প্রতিপালন করতে হবে।

০৪. উল্লেখ্য, ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফশিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণী পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রকল্প বাস্তবায়নের সময় খালগুলির যথাযথ প্রশস্ততা নির্ধারণপূর্বক খাল ও জলাশয় পুনরুদ্ধার করবে মর্মে বাংলাদেশ ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ (বিডিসি) এর অঙ্গীকারনামা প্রদানের বিষয়টিসহ উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সিনিয়র সহকারী প্রধান

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd